“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ,সিলেট

**জুলাই/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৮ তম সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব ইকবাল আহমদ চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ ।
স্থান ঃ Zoom এর মাধ্যমে সভা ।
সভার তারিখ ও সময় ঃ ২৮ জুলাই ২০২১ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয় । | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ ন্যাস্তকৃত বিভাগসমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত অর্থ বছরে (২০২০-২০২১ইং) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের রাজস্ব উদ্বৃত্ত দ্বারা ১৭টি প্রকল্পের মাধ্যমে মোট ৮২,২০,০৭২.০০ টাকা; থোক বরাদ্দ দ্বারা ২২টি প্রকল্পের মাধ্যমে মোট ৯০,৭১,০০০.০০ টাকা; উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা ৮টি প্রকল্পের মাধ্যমে মোট ১২,৫০,০০০.০০ টাকা; স্থানীয় সরকার মন্ত্রনালয়ের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল দ্বারা ৩টি প্রকল্পের মাধ্যমে মোট ৩৭,১২,১৮৮.০০ টাকা এবং কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে বিশেষ থোক বরাদ্দের মাধ্যমে মোট ৩,৬০,৯৯০.০০ টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা প্রকৌশলী বলেন, বর্তমান ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল দ্বারা গৃহীত উন্নয়ন পরিকল্পনার একটি বড় অংশ গত অর্থ বছরে গৃহীত উন্নয়ন পরিকল্পনায় থাকা সত্ত্বেও বাজেট স্বল্পতার কারনে বাস্তবায়ন করা সম্ভবপর হয় নাই এমনসব প্রকল্পকে অগ্রাধিকার প্রদান করা হবে। তথাপি বর্তমানে জনগুরুত্বপূর্ণ অতিব জরুরী প্রকল্পের তালিকা সকল ইউপি সদস্যগণকে আগামী ১(এক) মাসের মধ্যে দাখিল করার জন্য তিনি অনুরোধ করেন ।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের গার্ড সেড নির্মাণের জন্য আনুমানিক ২(দুই) লক্ষ টাকা; বাসভবনের নিচ তলায় টয়লেটের অবশিষ্ট ফিটিংস বাবদ ৫০ হাজার টাকা এবং সর্ম্পূণ বাসভবন বসবাসের উপযোগী করার স্বার্থে প্রয়োজনীয় মেরামত/সংস্কারের জন্য আনুমানিক ৪ লক্ষ ৯০ হাজার টাকা প্রয়োজন ।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, মুজিব শতবর্ষ উপলেক্ষ্য ভূমিহীন ও গৃহহীনদের পূণর্বাসনের নিমিত্তে গৃহ প্রদান | গত অর্থ বছরের তথ্য উপস্থাপন করার জন্য পরিষদ উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নতুন করে উপস্থাপিত ৬ টি প্রস্তাব বিশদভাবে আলোচিত হয় এবং প্রতিটি প্রস্তাব জনগুরুত্বপূর্ন হওয়ায় পরিষদ কর্তৃক সর্বসম্মতভাবে প্রস্তাব সমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় । আনসারদের গার্ড সেড নির্মাণ, মুজিব শতবর্ষ উপলেক্ষ্য ভূমিহীন ও গৃহহীনদের পূনর্বাসনের নিমিত্তে গৃহ নির্মাণ ও সংস্কার/প্রতিস্থাপন প্রকল্প ২টি প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক বাস্তবায়ন এবং | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে একটি গৃহ নির্মানের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা হতে স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ তারিখঃ ০৪/০১/২০২১ইং মারফত নির্দেশনা রয়েছে। উক্ত ঘর নির্মাণে ১ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় হবে।<br><br>উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিষদের ডরমেটরি ভবন বসবাস অনুপযোগী হয়ে পড়ায় ভবনটি বসবাস যোগ্য করার লক্ষ্যে ১৬,১৩,৩৭৭.০০ ( ষোল লক্ষ তের হাজার তিনশত সাতাত্তর) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তাছাড়া উপজেলা পরিষদের সভাকক্ষে অডিও কনফারেন্সিং সিস্টেম/ পি এ সাউন্ড সিস্টেম ক্রয় করার জন্য ৫ লক্ষ টাকার একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। অডিও কনফারেন্সিং সিস্টেম/ পি এ সাউন্ড সিস্টেম ক্রয়ের ব্যয়ের অনুমতির জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরন করা যেতে পারে। তিনি বর্নিত ৬ টি প্রস্তাব পরিষদের নিকট উপস্থাপন করেন এবং জনগুরুত্ব বলে বিবেচিত হলে সদয় অনুমোদন প্রদানের জন্য পরিষদকে অনুরোধ করেন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের নিচ তলায় টয়লেট ও বাসভবন মেরামত/সংস্কার ক্রয় কার্যক্রম PIC/RFQ পদ্ধতিতে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান, ৩১/০৭/২০২১ ইং পর্যন্ত করোনা (COVID-19) সংক্রান্ত তথ্যাদি ঃ মোট নমুনা সংগ্রহ ঃ ৩৩৬২ জন, মোট আক্রান্ত ঃ ৬৯৭ জন, মোট সুস্থ ৫৮১ জন, মোট মৃত্যু ১৬ জন, বর্তমানে আইসোলেশন ১০০ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Verocell টিকা প্রদান : ১৫৪৯৬ জন, ২য় ডোজ Verocell টিকা প্রদান : ০৫ জন, অদ্যাবধি পর্যন্ত ১ম ডোজ Astrazeneca : ৬৮৫০ জন, ২য় ডোজ Astrazeneca টিকা প্রদান : ৫৮৭২ জন। আমরা হাসপাতালে আসা রোগীকে মাস্ক ব্যবহারের প্রয়োজনীয়তা, স্বাস্থ্যবিধি ও অন্যান্য সচেতনতা মেনে চলার জন্য উদ্বুদ্ধ করি। তা ছাড়া করোনা পজিটিভ রোগীকে চিকিৎসা প্রদানসহ স্বাস্থ্যবিধি মেনে আইসোলেশন এ থাকার পরামর্শ প্রদান করা হয় | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |
| ২/৩ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে কোভিড-১৯ সহ বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে ৪,৮০,০০০/- ত্রান সামগ্রী এবং ১৫ মে.টন চাল বিতরন করা হয়েছে। ঈদুল আযহা ২০২১ উপলক্ষ্যে ৩১৪১ টি অসহায় ও দু:স্থ পরিবারের মাঝে ১০ কেজি হারে ৩১.৪১০ মে.টন চাল বিতরন করা হয়েছে। কোভিড-১৯ এ লকডাউনের কারনে ৩৩৩ ফোন কলের অনুরোধের প্রেক্ষিতে খাদ্য সহায়তা বিতরন চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপিচেয়ারম্যান |
| ২/৪ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, জুলাই/২১ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ঃ ৪৮,৯৯২, পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ঃ ৩৮,২৭৯, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহনকারীর হার ঃ ৭৮.১৩%, গর্ভকালীন পরিচর্যা ৬৮৪, প্রসব সেবা ৪৫, গর্ভোত্তর সেবা ২৩৯, শিশু সেবা ৬৪০, সাধারন রোগী ২৫৯০, মোট জীবিত জন্মের সংখ্যা ঃ ১৬৮, মোট মৃত্যুর সংখ্যা ঃ ৯৮। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৫ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, রোপা আমনের বীজতলা স্থাপন এবং রোপন কার্যক্রম চলমান রয়েছে। এই বছর ১১১৫০ হে: জমিতে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে যার মধ্যে ৯৬১৫ হে: এবং স্থানীয় ১৫৩৫ হে:। সেই লক্ষ্যে ৬১০ হে: বীজতলা স্থাপন করা হয়েছে। যা দিয়ে আবাদ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। এখন গাছের চারা লাগানোর মৌসুম এই সময় ফলদ, বনজ ও ঔষধী চারা রোপন করার জন্য অনুরোধ করা হয়। গোলাপগঞ্জের পতিত পাহাড়ি জমিতে নতুন সম্ভাবনাময় ফসল কাজুবাদাম ও কফি চাষের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মপরিকল্পনা গ্রহন করেছে। নতুন সম্ভাবনাময় ফসলের বিষয়ে সবার সহযোগীতা করার জন্য | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা কৃষি কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ করা হয় | | |
| ২/৬ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, চলতি জুলাই/২০২১ মাসে করোনা কালীন লকডাউনে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক মৎস্য খাদ্য, বিভিন্ন প্রজাতির মাছের পোনা পরিবহন, বিপনণ ইত্যাদি কার্যক্রম স্বাভাবিক রাখতে সহযোগীতা প্রদান করা হয়েছে। এ ছাড়াও মৎস্য চাষীদের মৎস্যচাষ বিষয়ক পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান আছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণীসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। করোনা অতিমারির সময়েও প্রাণিসম্পদ বিষয়ক উৎপাদন অব্যাহত রাখতে সকল কর্মকর্তা কর্মচারী সার্বক্ষনিক কর্মস্থলে উপস্থিত থেকে স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ে ও অফিসের সকল সেবা কার্যক্রম চলমান আছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, উপজেলা শিক্ষা অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের Google meet পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া যাদের স্মার্ট মোবাইল নেই সে সকল ছাত্র/ছাত্রীদের সাথে শিক্ষক/শিক্ষিকা মোবাইল ফোনের মাধ্যমে পাঠদান কার্যক্রম চালু রেখেছেন। প্রত্যেক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক গন ওয়ার্ক সিট বিতরন ও তা মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলমান রাখতে সচেষ্ট হবেন | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, গোলাপগঞ্জ উপজেলার সকল প্রতিষ্ঠানে অনলাইন কার্যক্রম অব্যাহত আছে। উপজেলা অনলাইন স্কুল পরিচালনার স্বার্থে শিক্ষকদের প্রনোদনা প্রদান করলে অনলাইন স্কুল কার্যক্রম আরো গতিশীল হবে। তাছাড়া অনলাইন স্কুল পরিচালনায় কমপক্ষে ৬০,০০০/- টাকা প্রয়োজন। বিষয়টি বিবেচনার জন্য সভায় অনুরোধ করা হল। তাছাড়া জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকল প্রতিষ্টান প্রধানদের অবহিত করা হল। ১ আগষ্ট থেকে ড্রপডাউন ব্যানার সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন নিশ্চিত করা হয়েছে। এসএসসি ২০২১ এর অ্যাসাইনমেন্ট কার্যক্রম যথারীতি চলছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৮৬ টি পানির উৎসের মধ্যে ২৬০ টি পানির উৎসের কাজ শেষ অবশিষ্ট ২৬ টির কাজ চলমান। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে TSP নলকুপের স্থাপন কাজ চলমান এবং হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের কাজ আগষ্ট মাসের প্রথম সপ্তাহে শুরু করা হবে বলে জানান। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন . | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারীপ্রকৌশলী(জনস্বাস্থ্য) ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১১ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিজিডি ২০২১-২২ চক্রের ভিজিডি কর্মসূচির জুলাই/২০২১ খ্রিঃ মাসের বরাদ্দকৃত গম/চালের ছাড়পত্র (ডিও) প্রদান করা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলমান অর্থবছরে ২৯ জন যুবক ও ০৭ জন যুব মহিলা সহ মোট ৩৬ জন যুবক/যুবনারীর মাঝে মোট ১৯,৯৫০০০/- হাজার টাকা যুব ঋন বিতরন করা হয়। ২৩৩ জন যুবক ও ১৬৭ জন যুবনারী সহ মোট ৪০০ জন যুবক ও যুবনারীকে ১৬ ব্যাচে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করা হয়। ২৬ জন যুবক ও ১৬ জন যুবনারী সহ মোট ৪২ জন যুবক/যুবনারীকে আত্নকর্মী হিসেবে তৈরি করা হয়েছে। বছরে মোট ০৪ টি যুব সংগঠন রেজিস্ট্রেশন করা হয়েছে | চলমান বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/ ১৩ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচির অন্তর্ভুক্ত G2P এর মাধ্যমে প্রায় ১৭০০০ হাজার সুবিধা ভোগীর কাছে নগদ হিসাবে টাকা প্রেরণ করা হয়েছে এবং সুবিধা ভোগীদের তালিকা প্রত্যেক | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা/ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চেয়ারম্যানগনের ইমেইলে প্রেরণ করা হয়েছে এবং টেলিফোনের মাধ্যমে নিশ্চিত করা হয়েছে। যদি কোন ভুল ত্রুটি পরিলক্ষিত হয় তাহলে দ্রুত আগষ্ট/২০২১ মাসের মধ্যে সংশোধন করানোর জন্য অনুরোধ করা যাচ্ছে, আর মৃতভাতাভোগীদের প্রতিস্থাপন এই মাসের মধ্যে সম্পন্ন করার জন্য চেয়ারম্যানগণদের অনুরোধ করা হলো। তাছাড়া অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে | সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন | চেয়ারম্যান (সকল)। |
| ২/১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে ৪,৯৭,০০০/- টাকা ঋন বিতরন ও ৩,৬০,০০০/- টাকা ঋন আদায় করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৫ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অডিট যোগ্য(২০২০-২১) সমিতি ১৩২, অডিট সম্পাদন-০৪, সম্পাদনের বাকী ১২৮। ধার্য্যকৃত অডিট ফি ও সিডিএফ ৫৪,৬২৩/-, আদায় ৪১,০৪৯/-, আদায়ের বাকী ১৩,৫৭৪/-। নির্বাচনযোগ্য সমিতি (২০২১-২২) ১৭ টি, নির্বাচন অনুষ্ঠিত ০১, অনুষ্টানের বাকী ১৬ টি। সমিতি পরিদর্শন (লক্ষ্যমাত্রা) ৬০ টি, অর্জন০৩, অর্জনের বাকী ৫৭ টি। বিভাগীয় কার্যক্রম সুষ্টভাবে চলছে | উপজেলা সমবায় কর্মকর্তা বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা সমবায় কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, করোনাকালীন লকডাউনে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের মানুষদের সহায়তা প্রদানের জন্য গোলাপগঞ্জ পৌরসভায় ও এমএস কার্যক্রম চলমান আছে। ৪ টি ডিলার পয়েন্ট থেকে ওএমএস কার্যক্রম চলছে। প্রতি ভোক্তা প্রতি কেজি ৩০ টাকা করে চাল এবং প্রতি কেজি ১৮ টাকা করে আটা ক্রয় করতে পারবে এবং সর্বোচ্চ ৫ কেজি করে ক্রয় করতে পারবে। বোরো মৌসুমের ধান সংগ্রহ কার্যক্রম চলমান আছে। আশাকরি নির্দিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবো। তাছাড়া দাপ্তরিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট হবেন | উপজেলা বন কর্মকর্তা /ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ২/১৮ | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক | সভায় উপজেলা সমন্বকারী আমার বাড়ি আমার খামার প্রকল্প ও ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী সচেষ্ট থাকবেন | আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২/১৯ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎ সচেষ্ট থাকবেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ/ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ০৪। নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | | জনাব রাজন পালের অনুকূলে মে/২১ মাসের আনুসংগিক খরচ বাবদ ৫০০০/- টাকার চেক চেক নং ০২২২৮৬৯ তাং০১/০৬/২০২১ইং। জনাব ফাহিমা বেগমের অনুকূলে মে/২১ মাসের মজুরী বাবদ ১০৪৫০/- টাকার চেক চেক নং ০২২২৮৭৩ তাং ২/৬/২১। জনাব শাহ আলমের অনুকূলে ১৪২৮ বাংলা সনের আপ্যায়ন ও আনুসংগিক বিল ৭৫২৫/-টাকার চেক চেক নং ০২২২৮৭৪ তাং৬/৬/২১। ১৪২৮ বাংলা সনের পত্রিকা বিজ্ঞপ্তির বিল বাবদ সম্পাদক দৈনিক যুগান্তর ,সম্পাদক দৈনিক সিলেটের ডাক অনুকূলে | উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | ৬২,১০০/-টাকা এবং ২৯৫৩২/- টাকার চেক চেক নং০২২২৮৭৫-৬ তাং ৬/৬/২১ । গ্রাম পুলিশদের মে/২১ মাসের যাতায়াত ভাতা বাবদ ১০৫৬০০/- টাকার চেক চেক নং ০২২২৮৭৭ তাং ১৪/০৬/২১ । জাকির হোসেন গাড়ী চালকের অনুকূলে জীপ গাড়ি মেরামত বাবদ ২১৩০০/-টাকা এবং২৪৪৫০/- টাকার চেক চেক নং ০২২২৮৭৮-৯ তাং১৪/০৬/২১ । জুন/২১ মাসের আপ্যায়ন বাবদ ২৯৯৫০/-টাকার চেক চেক নং ০২২২৮৮০ তাং২৭/৬/২১ । চেয়ারম্যান, উপজেলা পরিষদের অনুকূলে এপ্রিল-জুন/২১ মাসের ভ্রমন ভাতা বাবদ ২৬২৫০/- টাকার চেক চেক নং ০২২২৮৮৪ তাং ২৯/৬/২১ । ফাহিমা বেগম, মালীর অনুকূলে জুন/২১ মাসের মজুরী বাবদ ১২১০০/- টাকার চেক চেক নং০২২২৮৮৫ তাং৩০/৬/২১ । আনুষংগিক বিল বাবদ জনাব রাজন পালের অনুকূলে ৫০০০/-টাকার চেক চেক নং ০২২২৮৮৬তাং৩০/৬/২১ । পানির পাম্প ক্রয় বাবদ আলতাফ হোসেনের অনুকূলে ৬৪৫০/-টাকার চেক চেক নং০২২২৮৮৯ তাং৩০/৬/২১ । আনসার সদস্যদের জন্য ৪টি ফ্যান ও চৌকি ক্রয় বাবদ শাহ আলমের অনুকূলে ২৪০০০/-টাকার চেক চেক নং ০২২২৮৯০ তাং৩০/৬/২১ । ইউ টি ডিসি ভবন মেরামত কাজের বিল বাবদ ৫৫১৬০০/-টাকার চেক চেক নং ০২২২৮৯১-৩ তাং ৩০/৬/২১ । ২০২০-২১অর্থবছর শেষে অব্যয়িত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর ৭৮০৬৩৪৩/৫৬ চেক নং ০২২২৮৯৪ তাং৩০/৬/২১ । ২০২০-২১ অর্থবছরের এডিপির উন্নয়ন কাজ বাবদ ২৭,৮৩,২৬১/- টাকার চেক চেক নং১৮৫৫৭০১-২০ এবং ২১৩৪৪০১-৫ তাং১৩/৬/২১,২৪/৬/২১,২৭/৬/২১,২৮/৬/২১,২৯/৬/২১,৩০/৬/২১ | | |

সভাপতি জনাব ইকবাল আহমদ চৌধুরী গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভা সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকলকে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন। তিনি সভায় উপস্থিত সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের সভার তারিখের ০৩ (তিন দিন) পূর্বে কার্যপত্র সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরনের জন্য পুনরায় অনুরোধ করেন।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইকবাল আহমদ চৌধুরী)
চেয়ারম্যান
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট জেলা।
তারিখ ঃ ২৮/০৭/২০২১ খ্রি:

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.৫৫৬
অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
০১। মাননীয় সংসদ সদস্য, ২৩৪, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।
অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ
০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৪। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, --------------------------------- সিলেট।
০৬। উপজেলা -------------------------- অফিসার, গোলাপগঞ্জ।
০৭। চেয়ারম্যান---------------------------------- ইউ/পি (সকল), গোলাপগঞ্জ।
০৮। অফিস নথি/মাস্টার ফাই

২৮/০৭/২০২১

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১

ইমেইল:unogolapganj@mopa.gov.bd

পরিশিষ্ট ''ক '' সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্রমিক | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধি বৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | নাজিরা বেগম শিলা,মহিলা ভাইসচেয়ারম্যান | - | স্বাক্ষরিত |
| ০৪ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান , ০১ নং বাঘা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ১০ নং উত্তর বাদেপাশা ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউনিয়ন পরিষদ | | স্বাক্ষরিত |
| ১৫ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০৩ | | স্বাক্ষরিত |
| ১৬ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং-০২ | | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা কৃষি কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা প্রকৌশলী,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা শিক্ষা কর্মকর্তা ,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৮ | সি. উপজেলা মৎস্য কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩১ | উপজেলা সমবায় কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩২ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ৩৫ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউনিয়ন পরিষদ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |
| ০২ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউনিয়ন পরিষদ | অনুমতি ব্যতিত অনুপস্থিত |